# তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা, ঢাকা

## অর্ধ বার্ষিক অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ নবম** **বিষয় ঃ বাংলা ১ম পত্র (সৃজনশীল)**

**সময় ঃ ২ ঘন্টা ৩০ মিনিট** **বিষয় কোড:২৩৬** **পূর্ণমান ঃ ৭০**

[গদ্যাংশ থেকে চারটি ও পদ্যাংশ থেকে তিনটি মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে]

**গদ্যাংশ**

১। হযরত মুহাম্মদ (স.) ছিলেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ মানুষ। মানুষের প্রতি তার ভালোবাসা ছিল অফুরন্ত। সকলের প্রতি তাঁর আচরণ ছিল হাসিমাখা। ছোট ছোট শিশুদের তিনি খুব বেশি স্নেহ করতেন। সকলেই তাকে বিশ্বাস করতেন। তাই বাল্যকাল থেকেই সকল মানুষ তাকে আল আমিন বলে ডাকতেন।

ক. আল-আমিন শব্দের অর্থ কী? ১

খ. উম্মে মাবদ সম্পর্কে সংক্ষেপে বর্ণনা কর। ২

গ. 'হযরত মুহাম্মদ (সা.) ছিলেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ মানুষ'- উক্তিটির ব্যাখ্যা কর। ৩

ঘ. হযরত মুহাম্মদ (সা.) এর চারিত্রিক বৈশিষ্ট্যের একটি তালিকা তৈরি কর। ৪

২। এ লেভেল পরীক্ষা শেষে সিমু মা-বাবার সাথে গ্রামের বাড়িতে বেড়াতে আসে। গ্রামে তখন পৌষ মেলা বসেছে। মেলায় সিমু বয়াতির কণ্ঠে 'একটা ছিল সোনার কন্যা, মেঘ বরণ বেশ, ভাটি অঞ্চলে ছিল সেই কন্যার দেশ'-গানটি শুনে বিমোহিত হয়। সে তার মাকে জিজ্ঞাসা করে মা এতদিন কেন আমি এ গানগুলো শুনিনি। এ গানগুলোই তো বড় আপু খুঁজছে। আমি এবার আপুর জন্য গানগুলো সংগ্রহ করে নিয়ে যাব।

ক) সরস প্রাণের জীবন্ত উৎস কোনটি? ১

খ) আধুনিক শিক্ষার কর্মনাশা স্রোত বলতে লেখক কী বুঝিয়েছেন? ২

গ) 'সিমু এ গানগুলো না শোনার কারণটি'-'পল্লিসাহিত্য' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের সিমুই যে ড. মুহাম্মদ শহিদুল্লাহর চাওয়া পল্লি জননীর মনোযোগি সন্তান; আলোচ্য মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৩। বাংলা সংগীতের অন্যতম ধারা লোকসংগীত। এটি বাংলার নিজস্ব সম্পদ। এতে বিধৃত রয়েছে পল্লির সাধারণ মানুষের জীবনের আশা-আকাঙ্ক্ষা, সুখ-দুঃখ, প্রেম-ভালবাসার কথা। কিন্তু শহরে ব্যান্ড, পপসংগীতের দাপটে বর্তমানে লোকসংগীত তথা পল্লি গানের আর কদর নেই। জারি, সারি, ভাওয়াইয়া, ভাটিয়ালি প্রভৃতি গান এখন আর গাওয়া হয়না। নিম্ন শেণির গান বলে সেগুলো অবজ্ঞা করা হয়।

ক) খনা কী? ১

খ) কোনগুলোকে পল্লির প্রাচীন সম্পদ বলা হয়েছে এবং কেন? বুঝিয়ে লিখ। ২

গ) উদ্দীপকের বর্ণনা 'পল্লিসাহিত্য' প্রবন্ধের কোন দিকটির সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ) "উদ্দীপকটি 'পল্লিসাহিত্য' প্রবন্ধের একটিমাত্র দিক তুলে ধরেছে, সকল দিক নয়"-মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৪। হযরত নুহ (আঃ) ধর্ম ও ন্যায়ের পথে চলার জন্য সকলের প্রতি আহ্বান জানান। এতে মাত্র চল্লিশ জন মানুষ সাড়া দেন। বাকিরা সবাই তার বিরোধিতা শুরু করে নানা অত্যাচারে তাকে অতিষ্ট করে তোলে। এ অত্যাচারের মাত্রা সহনাতীত হলে তিনি এক পর্যায়ে অত্যাচারির বিরুদ্ধে আল্লাহর কাছে ফরিয়াদ জানান। আল্লাহর হুকুমে তখন এমন বন্যা হয় যে, ঐ চল্লিশ জন বাদে সকল অত্যাচারি ধ্বংস হয়ে যায়।

ক) হযরত মুহাম্মদ (সা.) কোন বংশে জন্ম গ্রহণ করেন? ১

খ) সুমহান প্রতিশোধ বলতে কী বোঝায়? ২

গ) হযরত নুহ (আঃ) যেদিক দিয়ে হযরত মুহাম্মদ (সা.) থেকে ভিন্ন তা ব্যাখ্যা কর। ৩

ঘ) হযরত নুহ (আঃ) এর চরিত্রে কী ধরনের পরিবর্তন আনলে হযরত মুহাম্মদ (সা.) এর একটি বিশেষ গুণ তাঁর মধ্যে ফুটে উঠত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫। স্তবক:১ঃ "নূরের দরিয়ায় সিনান করিয়া
কে এলো মক্কায় আমিনার কোলে।"

স্তবক:১ঃ সমস্ত পূর্ণতা নিয়ে শীর্ষে হয়েছেন
তিনি উপনীত
আপন সৌন্দর্যে অন্ধকারকে করেছেন
আলোকিত
সমগ্র বিশ্বের শান্তির দূত তিনি,
হাজার সালাম তাঁকে।

ক) কার গম্ভীর উক্তিতে সকলের চৈতন্য হলো? ১

খ) বীরবাহু ওমর উলঙ্গ তরবারি হাতে লাফিয়ে উঠলেন কেন? বুঝিয়ে লেখ। ২

গ) স্তবক ১ এর মাঝে 'মানুষ মুহাম্মদ (সা.)' রচনার কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের দ্বিতীয় স্তবককে 'মানুষ মুহাম্মদ (সা.)' রচনার সার্বিক ভাবের রূপায়ন বলা যায় কী? তোমার মতামত দাও। ৪

৬। অমৃতলোক প্রথমে আবিষ্কার করিয়া যে মহাপুরুষ যে কোনদিন আপনার চারিদিকে মানুষকে ডাক দিয়ে বলিয়া ছিলেন, তোমরা সকলে অমৃতের পুত্র, 'তোমরা দিব্য ধামে বাস করিতেছ। সেই মহাপুরুষদের কণ্ঠই সহস্র ভাষায় সহস্র বৎসরের মধ্য দিয়ে এই লাইব্রেরীর মধ্যে প্রতিধ্বনিত হইতেছে।

ক) 'উদ্বাহু' অর্থ কী? ১

খ) লাইব্রেরি হচ্ছে এক রকম মনের হাসপাতাল-এর মর্মার্থ কী? বুঝিয়ে লেখ। ২

গ) উদ্দীপকের সাথে 'বইপড়া' প্রবন্ধের মিল কোথায়? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপক ও 'বই পড়া' প্রবন্ধে লাইব্রেরির সার্থকতার চিত্র তুলে ধরা হয়েছে-উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

## পদ্যাংশ

৭। নানা দেশের নানান ভাষা
বিনে স্বদেশি ভাষা পুরে কি আশা?
কত নদী সরোবর, কি বা ফল চাতকীর
ধারাজল বিনা কভু ঘুচে কি তৃষা?

ক) কবি আব্দুল হাকিম কখন জন্মগ্রহণ করেন? ১
খ) 'নিজ দেশ তেয়াগী কেন বিদেশ ন যায়'-ব্যাখ্যা কর। ২
গ) 'বঙ্গবাণী' কবিতার মর্মার্থের সাথে উদ্দীপকটির মর্মার্থের কী ধরনের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর।৩
ঘ) কত নদী সরোবর কিবা ফল চতকীর, ধারাজল বিনে কভু ঘুচে কি তৃষা? উক্তিটির বিশ্লেষণ কর।৪

৮। মানুষ সৃষ্টির সেরা জীব। মানব জীবন নাতিদীর্ঘ। মানুষ স্বীয় কর্মের জন্য সাফল্য, ব্যর্থতায় পর্যবসিত হয়। ভোগ, লোভ লালসায় চিন্তায় মানুষ ব্যর্থতা অর্জন করে। পক্ষান্তরে ত্যাগ ও ধৈর্যের মাধ্যমে মানুষ সফলতা অর্জন করে।

ক) ধ্বজা শব্দের অর্থ কী? ১
খ) 'আয়ু যেন শৈবালের নীর'-বলতে কী বোঝানো হয়েছে? ২
গ) 'জীবন সঙ্গীত' কবিতায় কবি ব্যর্থতার যে বর্ণনা দিয়েছে উদ্দীপকের আলোকে তা ব্যাখ্যা কর।৩
ঘ) 'সাফল্য অর্জনে চাই ত্যাগ, ধৈর্য ও সহিষ্ণুতা'-উদ্দীপক ও 'জীবন সঙ্গীত' কবিতা অবলম্বনে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৯। ধৈর্য ধর ধৈর্য ধর বাঁধ বাঁধ বুক
শতদিকে শত দুখ আসে আসুক,
এ সংসার কর্মশালা
জ্বলন্ত কালান্ত জ্বালা।

ক) যশোদ্বার শব্দের অর্থ কী? ১
খ) কবি মানব জীবনকে অসার মানতে রাজি নন কেন? ২
গ) উদ্দীপকের ভাবনা 'জীবন-সঙ্গীত' কবিতার সাথে কীভাবে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩
ঘ) চেতনাগত সাদৃশ্য থাকলেও উদ্দীপকটি 'জীবন সঙ্গীত' কবিতার সামগ্রিক ভাব বহন করেনা"- বিশ্লেষণ কর। ৪

১০। পরের কারণে স্বার্থ দিয়া বলি
এ জীবন মন সকলি দাও
তার মত সুখ কোথাও কি আছে?
আপনার কথা ভুলিয়া যাও।

ক) 'জীবন সঙ্গীত' কবিতায় জীবন কী নয় ? ১
খ) জীবাত্মাকে অবিনশ্বর বলা হয় কেন ? ২
গ) উদ্দীপকের কবিতাংশটিতে জীবন সঙ্গীত কবিতার কোন দিকটির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকের আলোচ্য বিষয় এবং 'জীবন সঙ্গীত' কবিতার মূল বিষয় একসঙ্গে গাঁথা-উক্তিটি প্রমাণ কর।৪

১১। বিভূতিভূষণ বন্দোপাধ্যায় তাঁর কথাসাহিত্যে প্রকৃতিকে একটি জীবন্ত চরিত্র হিসেবে সৃষ্টি করেছেন। বিশেষ করে 'পথের পাঁচালী' ও অরণ্যক উপন্যাসে প্রকৃতি চিরকালের নবীনরূপে আবির্ভূত হয়েছে। অপু, পরশ এবং আরও অনেকে সেই চিরন্তন প্রকৃতির সন্তান। এরা যায়-আসে-থাকেনা- কিন্তু প্রকৃতি চিরকালই নানা রূপ-রস-গন্ধ বর্ণে বিরাজমান থাকে।

ক. জীবনানন্দ দাশের মাতার নাম কী? ১
খ. 'পৃথিবীর এইসব গল্প বেঁচে রবে চিরকাল' বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকের প্রকৃতি জানার সঙ্গে 'সেইদিন এই মাঠ' কবিতার সাদৃশ্যপূর্ণ দিক ব্যাখ্যা কর।৩
ঘ. কবিতায় উল্লিখিত সভ্যতার বিবর্তনের সঙ্গে প্রকৃতির সম্পর্ক উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর।৪

# তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা, ঢাকা

## অর্ধ বার্ষিক অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ নবম    বিষয় ঃ বাংলা ১ম পত্র (বহুনির্বাচনী)**

**সময় ঃ ৩০ মিনিট    বিষয় কোড:২৩৬    পূর্ণমান ঃ ৩০**

১। কবি হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় কখন জন্ম গ্রহণ করেন?

ক) ১৮৩৮    খ) ১৮৩৯    গ) ১৮৪০    ঘ) ১৮৪১

নিচের উদ্দীপকটি পড় এবং ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও।

প্রীতি বুদ্ধি প্রতিবন্ধী একটি মেয়ে। তার একটি পোষা কুকুর আছে। সে তার সুখ-দুঃখ, ব্যথা-বেদনা কুকুরটির সাথে ভাগাভাগি করে নেয়। কুকুরটি যেন তার ভাষা বুঝতে পারে।

২। উদ্দীপকটির সাথে তোমার পঠিত কোন গল্পের সাথে মিল আছে?

ক) সুভা    খ) নিমগাছ    গ) আম আঁটির ভেঁপু    ঘ) অভাগীর স্বর্গ

৩। এরূপ সাদৃশ্যের কারণ?

i) প্রতিবন্ধী মানুষের সাথে পোষা প্রাণীর সম্পর্ক

ii) প্রতিবন্ধী মানুষের জন্য আশ্রয়ের জগৎ তৈরি

iii) পোষা প্রাণীই প্রতিবন্ধী মানুষের আপনজন

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii    খ. i ও iii    গ. ii ও iii    ঘ. i, ii ও iii

৪। প্রমথ চৌধুরী কোন জেলায় জন্ম গ্রহণ করেন?

ক) ঢাকা    খ) চট্টগ্রাম    গ) যশোহর    ঘ) নোয়াখালী

৫। একজন শিক্ষকের সার্থকতা হলো?

i) ছাত্রছাত্রীকে শিক্ষাদান করা

ii) ছাত্রছাত্রীকে শিক্ষা অর্জন করতে সক্ষম করে তোলা

iii) ছাত্রছাত্রীদের বুদ্ধিবৃত্তিকে জাগ্রত করে তোলা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii    খ. i ও iii    গ. ii ও iii    ঘ. i, ii ও iii

৬। ড. মুহাম্মদ শহিদুল্লাহ কোথায় মৃত্যু বরণ করেন?

ক) ঢাকায়    খ) কলকাতায়    গ) পশ্চিমবঙ্গে    ঘ) আসামে

৭। Folklore Society- কী?

ক) নৃতত্ত্ব    খ) প্রত্নতাত্ত্বিক    গ) খনা    ঘ) প্রবাদবাক্য

৮। আধুনিক শিক্ষার কর্মনাশা স্রোতের অতল গর্ভে তলিয়ে যাচ্ছে কী?

ক) উপকথা    খ) প্রবাদ    গ) ছড়া    ঘ) পল্লিগান

৯। 'পল্লি সাহিত্য চর্চা ও সংরক্ষণ জরুরী'-কারণ এটি-?

i) আত্মপরিচয় বিধৃত করে    ii) নৃতাত্ত্বিক উপাদানে সমৃদ্ধ

iii) শতকরা আশি ভাগ জনগণের প্রতিনিধিত্ব করে

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii    খ. i ও iii    গ. ii ও iii    ঘ. i, ii ও iii

১০। 'মন মাঝি তোর বৈঠা নে রে, আমি আর বাইতে পারলাম না'-এটা কোন ধরনের গান?

ক) রাখালী গান    খ) জারিগান    গ) সারি গান    ঘ) মারফতি গান

১১। পরতে পরতে অর্থ কী?

ক) স্তরে স্তরে    খ) এলোমেলো    গ) সারি সারি    ঘ) পাশাপাশি

১২। মুহাম্মদ (সা.) মুখ্যত কীসের দ্বারা মানুষের মন আকর্ষণ করেছিলেন?

ক) রূপলাবণ্যের    খ) বলিষ্ঠ দেহের    গ) বংশ মর্যাদার    ঘ) মানবীয় গুণাবলির

১৩। 'মানুষ মহাম্মদ (সা.)' প্রবন্ধটি কোন গ্রন্থ থেকে নেয়া হয়েছে?

ক) নবী কাহিনী    খ) মরুভাস্কর    গ) প্রিয় নবীজি    ঘ) যুগবাণী

১৪। মহানবি (সা.) পাপীদের ভালবাসতেন কারণ তারা ছিলো-

ক) বিপন্ন    খ) সরল    গ) অনুতপ্ত    ঘ) অজ্ঞ

১৫। সত্য প্রতিষ্ঠার ক্ষেত্রে হযরত মুহাম্মদ (সা.) কাদের কাছে উপহাসিত হয়ে ছিলেন?

ক) ইহুদীদের কাছে    খ) খয়বার বাসীদের কাছে

গ) পৌত্তলিকদের কাছে    ঘ) মদীনাবাসীদের কাছে

১৬। 'বঙ্গবাণী' কবিতায় কবি কোন ভাষায় গুণকীর্তন করেছেন?

ক) আরবি    খ) বাংলা    গ) উর্দু    ঘ) ফারসি

১৭। বাংলা ভাষার প্রতি মমত্বহীন ব্যক্তিদের কবি দিয়েছেন-

i) ধিক্কার    ii) বদদোয়া    iii) ভর্ৎসনা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii    খ. i ও iii    গ. ii ও iii    ঘ. i, ii ও iii

১৮। বাংলা সাহিত্যে প্রথম সনেটের প্রবর্তক কে?

ক) মাইকেল মধুসূদন দত্ত    খ) রবীন্দ্রনাথ ঠাকুর

গ) আব্দুল হাকিম    ঘ) রাম রাম বসু

১৯। "এ জীবন নিশার স্বপন'- এখানে স্বপন দ্বারা কী বোঝানো হয়েছে?

ক) রাতের স্বপ্নের মতো ভয়ংকর    খ) রাতের স্বপ্নের মতই মধুময়

গ) রাতের স্বপ্নের মতই মিথ্যা    ঘ) রাতের মতই আকাঙ্ক্ষিত

২০। মনসুর বয়াতি কে?

ক) নাগরিক কবি   খ) শহুরে কবি   গ) পল্লিকবি   ঘ) গীতি কবি

২১। কবি হেমচন্দ্র কিসের সাধনা করতে বলেছেন?

ক) সংকল্পের   খ) জীবনের   গ) সংসারের   ঘ) ভবের

২২। জগতে দুর্লভ কোনটি?

ক) সম্পদ   খ) সুখ   গ) গৌরব   ঘ) মহিমা

২৩। কপোতাক্ষ নদ কবিতার মিল বিন্যাস হচ্ছে?

i) ঘঙচ   ii) কখ কখ কখ কখ গঘ গঘ গঘ

iii) কখখ গক খখগ ঘঙ ঘঙ চচ

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii   খ. i ও iii   গ. ii ও iii   ঘ. i, ii ও iii

২৪। 'দ্বারা' শব্দের অর্থ কী?

ক) পুত্র   খ) কন্যা   গ) স্বামী   ঘ) স্ত্রী

২৫। 'সম্মানের যোগ্য'- এক কথায় কী বলে?

ক) প্রাপ্য   খ) বরণীয়   গ) স্মরণীয়   ঘ) অনুসরণীয়

২৬। রবীন্দ্রনাথ ঠাকুর কখন নোবেল পান?

ক) ১৯১০   খ) ১৯১২   গ) ১৯১৩   ঘ) ১৯১৫

২৭। রাজার সমস্যার সমাধান করল কে?

ক) মন্ত্রী   খ) পন্ডিত   গ) চর্মকার   ঘ) চামার

২৮। হবু রাজার সমস্যার সমাধানের জন্য মন্ত্রীরা-

i) রাজ্য ঝাড়ু দেওয়ালো   ii) রাজ্য জল দিয়ে ধুলো

iii) রাজাকে ঘরে রাখতে চাইলো

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii   খ. i ও iii   গ. ii ও iii   ঘ. i, ii ও iii

২৯। কত লাখ ঝাটা কেনা হয়েছিল?

ক) ষোল লাখ   খ) সতেরো লাখ

গ) সাড়ে সতেরো লাখ   ঘ) আঠারো লাখ

৩০। কয় পিপে নস্য ফুরালো?

ক) আঠারো   খ) উনিশ   গ) বিশ   ঘ) একুশ